



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
কলেজ শাখা-৩ (বেসরকারি কলেজ)  
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১০৫.৩৪.০০০২.২২.৩৫৫

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩৩  
১৩ মে ২০২৬

**বিষয়: পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক কলেজ পর্যায়ের সনাক্তকৃত ৪৭১ জন জাল সনদধারীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।**

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৮৭.৯৯.০০৩.২১ (অংশ-১)-১২০; তারিখ: ১৫ এপ্রিল ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা হতে ৪৭১ জন জাল/ভুয়া সনদধারী শিক্ষকের তালিকাসহ একটি পত্র প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)। উক্ত পত্রে 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) এর জনবল কাঠামো ও এম.পি.ও নীতিমালা, ২০২৫' অনুসারে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক প্রেরিত ৪৭১ (মাধ্যমিক পর্যায়ের ৪০২, কলেজ পর্যায়ের ৬৪ এবং কারিগরি পর্যায়ের ৫ জন) জন জাল/ভুয়া সনদধারী তালিকাভুক্ত শিক্ষক-কর্মচারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-কে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত জাল/ভুয়া সনদধারী শিক্ষক-কর্মচারীদের সংযুক্ত তালিকায় (NTRCA-124) আপনার নাম অন্তর্ভুক্ত থাকায় জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২৫ এর ১৮.১(ঙ) অনুচ্ছেদ মোতাবেক কেন আপনার বিরুদ্ধে এমপিও বাতিল/ স্থগিত ও গভর্নিংবডি কর্তৃক নিয়োগ বাতিলসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

#### সংযুক্তি:

(১) ৩৭.০০.০০০০.০৮৭.৯৯.০০৩.২১(অংশ-১)-১২০ - পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক স্কুল ও কলেজের সনাক্তকৃত জাল সনদধারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

১৩-০৫-২০২৬

মো: মাসুদ উদ্দিন

সহকারী পরিচালক

ফোন : ০২-৯৫৫৬০৫৭

ইমেইল : ncollege@dshe.gov.bd

জনাব মোঃ সাদেকুল ইসলাম, প্রভাষক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি  
দেওগাঁও বকুল তলা ডিগ্রী কলেজ, বোচাগঞ্জ, দিনাজপুর।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১০৫.৩৪.০০০২.২২.৩৫৫/১ (১০)

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩৩  
১৩ মে ২০২৬

সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ [দ্র. আ: সহকারী সচিব, অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ]।
- ২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা আঞ্চলিক কার্যালয়, সংশ্লিষ্ট অঞ্চল [তালিকায় অন্তর্ভুক্ত আওতাধীন প্রতিষ্ঠানের শিক্ষক কর্তৃক পত্র প্রাপ্তি নিশ্চিতের অনুরোধসহ]।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব), ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট উপজেলা।
- ৫। জেলা শিক্ষা কর্মকর্তা- সংশ্লিষ্ট জেলা [তালিকায় অন্তর্ভুক্ত আওতাধীন প্রতিষ্ঠানের শিক্ষক কর্তৃক পত্র প্রাপ্তি নিশ্চিতের অনুরোধসহ]।
- ৬। উপজেলা/ থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট উপজেলা/থানা [তালিকায় অন্তর্ভুক্ত আওতাধীন প্রতিষ্ঠানের শিক্ষক কর্তৃক পত্র প্রাপ্তি নিশ্চিতের অনুরোধসহ]।
- ৭। সভাপতি, গভর্নিংবডি/ এডহক কমিটি, .....
- ৮। অধ্যক্ষ, .....
- ৯। পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
- ১০। পি এ টু পরিচালক, কলেজ ও প্রশাসন উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।



১৩-০৫-২০২৬  
মো: মাসুদ উদ্দিন  
সহকারী পরিচালক